

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 27/12/2025

Desk in Charge :- Susmita M.

Time: 7.50 P.M

Compiling :- Saibal B./ Priya B.

DEO: KB

NRT : Priya B.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

১/ প্রযুক্তিগত কারণে খসড়া ভোটের তালিকায় যাদের নাম নেই, তাদের শুনানিতে না-ডাকার সিদ্ধান্ত নিয়েছে, নির্বাচন কমিশন।

কঠোর নজরদারি ও নিরাপত্তায় রাজ্য জুড়ে মোট ৩'হাজার ২৩৪ টি কেন্দ্রে আজ থেকে SIR প্রক্রিয়ার শুনানি পর্ব শুরু হয়েছে।

২/ SIR-এর শুনানির প্রথম দিনেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

৩/ মাইক্রো অবজার্ভার হিসেবে নিয়োগপত্র পেয়েও প্রশিক্ষণে হাজির না হওয়ায়, ৭৭৮ জন আধিকারিককে 'শো-কজ' করেছে নির্বাচন কমিশন।

৪/ কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন, এ রাজ্যে তৃণমূল কংগ্রেসের মদতপুষ্ট BLO-রা বহু ভুলো ভোটারের নাম কাটেনি।

৫/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে, দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৬/ বর্ষশেষ ও নতুন বছরের শুরুতে তাপমাত্রা কিছুটা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR প্রক্রিয়ায়, ২০০২ সালের ভোটার তালিকায় নিজের নাম অথবা কোনো যোগসূত্র থাকলেও, প্রযুক্তিগত কারণে BLO অ্যাপে সেই ম্যাপিং ধরা পড়েনি, সেইসব ভোটারকে শুনানিতে না-ডাকার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকদের কাছে পাঠানো নির্দেশিকায় জানানো হয়েছে, ২০০২ সালের তালিকার পিডিএফ থেকে তথ্য রূপান্তরের সময় অসম্পূর্ণতার কারণে বহু ক্ষেত্রে যোগসূত্র পাওয়া যায়নি। অথচ সংশ্লিষ্ট ভোটারদের ক্ষেত্রে নিজের নাম বা বংশগত যোগসূত্র স্পষ্টভাবে সেখানে নথিভুক্ত রয়েছে এবং তা সিইও দফতরের ওয়েবসাইটেও প্রকাশিত।

এমন ভোটারদের শুনানির নোটিস পাঠানো হবে না। ইতিমধ্যে সিস্টেম থেকে নোটিস তৈরি হয়ে থাকলেও, তা পাঠানোর জন্য ERO/AERO-র কাছে সংরক্ষণ করতে বলা হয়েছে। তবে পরবর্তীতে যদি কোনও অসঙ্গতি ধরা পড়ে, অথবা অভিযোগ আসে, সে ক্ষেত্রে নোটিস দিয়ে সংশ্লিষ্ট ভোটারকে শুনানিতে ডাকা হতে পারে।

উল্লেখ্য, রাজ্যে এসআইআর প্রক্রিয়ার প্রথম দিনের শুনানি পর্ব আজ নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। কঠোর নিরাপত্তায় মোট ৩ হাজার ২৩৪ টি কেন্দ্রে, শুনানি শুরু হয়। প্রতিটি টেবিলে দৈনিক গড়ে ১০০ থেকে ১৫০ জন ভোটারের শুনানি হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। যারা ২০০২-এর ভোটার তালিকার সঙ্গে কোনোরকম সম্পর্ক দেখাতে পারেননি, তাদের আধার কার্ড সহ মোট ১২টি স্বীকৃত নথি পেশ করার সুযোগ রয়েছে। কমিশনের ঘোষণা অনুযায়ী, এই শুনানি পর্ব শেষ হলে ১৪ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে।

কলকাতা ও জেলাজুড়ে সকাল থেকেই শুনানি কেন্দ্রগুলিতে তৎপরতা চোখে পড়ে। খসড়া তালিকায় নাম না থাকা বহু মানুষকে প্রয়োজনীয় নথি হাতে নিয়ে লাইনে দাঁড়াতে দেখা যায়।

SIR-এর শুনানি পর্বের প্রথম দিনেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। বিএলও সংগঠনের বিক্ষোভের প্রেক্ষিতে গত সপ্তাহেই মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের নিরাপত্তায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সুপারিশ করা হয়।

জানা গিয়েছে, সিইও দফতরে ওয়াই ক্যাটাগরির নিরাপত্তা দেওয়া হয়েছে। প্রতিদিন কেন্দ্রীয় বাহিনীর চার থেকে পাঁচ জনের এক একটি দল দায়িত্বে থাকবে। মূলত সিআইএসএফ-এর জওয়ানদেরই নিরাপত্তার দায়িত্ব দেওয়া হয়েছে।

ওয়াই ক্যাটাগরির নিরাপত্তায় মূলত ৮ থেকে ১১ জন জওয়ান থাকেন। ১ থেকে ২ জন কম্যান্ডো।

বারাসাতের তৃণমূল কংগ্রেস সাংসদ কাকলি ঘোষ দস্তিদারের পরিবারের সদস্যদের SIR প্রক্রিয়ার শুনানিতে তলব করা হয়েছে। তাঁর নবতিপর মা ইরা মিত্র, দুই পুত্র এবং ছোট বোন শুনানির জন্য ডাক পাওয়ায় নির্বাচন কমিশনের কমিশনের বিরুদ্ধে অকারণ হেনস্থার অভিযোগ তুলেছেন সাংসদ। যদিও কমিশন জানিয়েছে, পদ্ধতি মেনেই তাদের শুনানিতে ডাকা হয়েছে। সাংসদের মা নবতিপর হওয়ায় তাঁকে শুনানি কেন্দ্রে হাজিরা দিতে হবে না। তাঁর ক্ষেত্রে কমিশনের প্রতিনিধি বাড়িতে যাবেন। তবে বাকিদের হাজিরা দিতে হবে।

পশ্চিম বর্ধমানের আসানসোলের মনিমালা গার্লস হাইস্কুলে এসআইআরের শুনানি কেন্দ্রের পাশে বিজেপির সহায়তা শিবিরে তৃণমূল কংগ্রেসের সমর্থকরা হামলা করে ক্যাম্প ভাঙচুর করেছে বলে অভিযোগ। এই ঘটনায় এলাকায় উত্তেজনা তৈরি হয়। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

বিজেপি নেতা কৃষ্ণেন্দু মুখার্জির অভিযোগ, দুষ্কৃতীরা তাঁদের দলের লোকজনকে মারধর করে। পরে জেলা শাসক এস পোন্নাবলম ঘটনাস্থলে আসেন।

জেলাশাসকের সামনে দলীয় পতাকাসহ তৃণমূল কংগ্রেসের সমর্থকরা শুনানি কেন্দ্রে

টোকে বলে বিজেপির অভিযোগ। তৃণমূল কংগ্রেসের তরফে হামলার অভিযোগ অস্বীকার করা হয়েছে। তাদের অভিযোগ, গুনানি প্রক্রিয়াকে বিঘ্নিত করার জন্য বিজেপি ক্যাম্প করেছিল। মানুষ তার প্রতিবাদ করেছে।

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার গুনানি পর্বে মাইক্রো অবজ্ঞার্তার হিসেবে নিয়োগপত্র পেয়েও প্রশিক্ষণে হাজির না হওয়া ৭৭৮ জন কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও রাষ্ট্রায়ত্ত সংস্থার আধিকারিককে শো-কজ করা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, কমিশনের নির্ধারিত সময় অনুযায়ী শুক্রবারের মধ্যে কাজে যোগ দেওয়ার কথা ছিল ওই আধিকারিকদের। কিন্তু তা না করায় তাঁদের কাছে কারণ জানতে চাওয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনক জবাব না দিলে সংশ্লিষ্ট আধিকারিকদের সাসপেন্ড করার মতো কড়া পদক্ষেপ নেওয়া হতে পারে বলে CEO জানিয়েছেন।

উল্লেখ্য, এসআইআর প্রক্রিয়ায় গুনানি পর্বে নজরদারির জন্য মোট ৪,৬০০ জন কেন্দ্রীয় সরকারি কর্মী এবং ব্যাঙ্ক, জীবন বিমা-সহ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থার আধিকারিককে মাইক্রো অবজ্ঞার্তার হিসেবে নিয়োগ করা হয়েছে। গত বুধবার কলকাতার নজরুল মঞ্চে দু'দফায় তাঁদের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছিল। কিন্তু সেখানেই দেখা যায়, মোট ৯২১ জন প্রশিক্ষণে হাজির হননি। পরবর্তী যাচাইয়ে জানা গিয়েছে, এর মধ্যে ৭৭৮ জন কেন্দ্রীয় সরকারি ও রাষ্ট্রায়ত্ত সংস্থার কর্মী।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপি নেতা সুকান্ত মজুমদার বলেছেন, এ রাজ্যে তৃণমূল কংগ্রেসের মদতপুষ্ট BLO-রা অনেক ভুয়ো ভোটারের নাম কাটেনি। আজ মালদায় তিনি সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, SIR করা, নির্বাচন কমিশনের কাজ। স্বচ্ছ ভোটের তালিকা তৈরীর স্বার্থে এই কাজ করতেই হবে। তিনি বলেন, পশ্চিমবঙ্গে তুলনামূলকভাবে অনেক কম নাম বাদ গেছে। এখানে গরমিল আছে।

(বাইট- সুকান্ত)

এদিন পুলিশের করা সমালোচনা করে বালুরঘাটের বিজেপি সাংসদ তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, ইচ্ছে করে চাঁচলে শুভেন্দু অধিকারীর সভা বাধাগল করার চেষ্টা করা হচ্ছে। তিনি আরো বলেন, দুর্গাপুর, আলিপুরদুয়ার ও দক্ষিণ ২৪ পরগণা সহ দক্ষিণবঙ্গে বহু অনুপ্রবেশকারী ও উদ্বাস্তু এসেছে। এদের মধ্যে হিন্দুরা নাগরিকত্ব পাবেন।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ জানিয়েছেন, SIR-এ অসংগতি আছে, এমন এক কোটি ৩৬ লক্ষ নাম কাদের, এই প্রশ্নের উত্তর চাইতে তিনি ৩১শে ডিসেম্বর দিল্লিতে নির্বাচন কমিশনের দপ্তরে যাবেন।

আজ তিনি এই তালিকা জনসমক্ষে আনার দাবী করেন। তিনি আরো বলেন, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তাড়াহুড়ো করে SIR করা হচ্ছে।

নির্বাচন কমিশন অগণতান্ত্রিকভাবে ERO-দের অধিকার কেড়ে নিচ্ছে বলে অভিযোগ করেছে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেস। পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে যান। দলে ছিলেন পাঁচ মন্ত্রী- চন্দ্রিমা ভট্টাচার্য, অরুণ বিশ্বাস, শশী পাঁজা, মানস ভূঁইঞা এবং মলয় ঘটক।

পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে চন্দ্রিমা ভট্টাচার্য অভিযোগ করেন, ভোটারদের গুনানিতে হাজিরার জন্য যথেষ্ট সময় দেওয়া হচ্ছে না। অনেকে অন্য রাজ্যে রয়েছেন, নোটিস পেয়ে রাজ্যে ফিরতে সময়ের প্রয়োজন। প্রয়োজনীয় নথি জোগাড় করার জন্যও সময় দেওয়া হচ্ছে না বলে দাবী করেন তিনি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে, দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে এই মাসিক বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং - আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

২০২৫ এর শেষ লগ্নে এসে পৌঁছেছি আমরা। এ বছরে দেশের আর্থিক উন্নয়নের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার কর কাঠামোয় বড়োরকম পরিবর্তন এনেছে। দেশের অগ্রগতিতে GST হারে পরিবর্তন সহ নতুন কর কাঠামো এক উল্লেখযোগ্য পদক্ষেপ। একটি প্রতিবেদন-

(ক্যাপসুল- কাশফিন)

রাজ্যপাল সিভি আনন্দ বোসের উদ্যোগে জাতীয় স্তোত্র ‘বন্দে মাতরম’-এর দেড়শো বছর পূর্তি উপলক্ষ্যে নতুন বছরের শুরুতে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে।

কলকাতা লোক ভবনের উদ্যোগে ও সংস্কৃতি মন্ত্রকের অধীন প্রতিষ্ঠানগুলির সহযোগিতায় আগামী ৫ ও ৬ জানুয়ারি দু-দিনের কর্মসূচিতে ‘বন্দে মাতরম’ এবং স্রষ্টা ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর প্রতি শ্রদ্ধা জানানো হবে।

PSC ক্লার্কশিপ পাট-টু পরীক্ষার জন্য যাতায়াতের সুবিধার জন্য মেট্রো রেল আগামীকাল দক্ষিণেশ্বর-শহীদ স্কুদিরাম অর্থাৎ রু লাইন এবং হাওড়া ময়দান থেকে সেক্টর ফাইভ- গ্রিন লাইনে বিশেষ পরিষেবা দেবে। রু লাইনে ১৩০ টির পরিবর্তে ১৬৮ টি এবং গ্রিন লাইনে ১০৮ টির পরিবর্তে ১৩১ টি পরিষেবা দেওয়া হবে।

এই দুই সেকশনে প্রথম পরিষেবা সকাল ৯ টার পরিবর্তে ৮ টায় শুরু হবে। তবে রু লাইন ও গ্রিন লাইনে শেষ পরিষেবার সময়সূচী অপরিবর্তিত থাকছে। হাওড়া ময়দান থেকে সেন্ট্রাল পার্ক পর্যন্ত বিশেষ পরিষেবা, অন্যান্য দিনের মতো রাত ১০ টা পাঁচ মিনিটেই পাওয়া যাবে। ওই দিন ইয়েলো লাইনে স্বাভাবিক পরিষেবা থাকলেও পার্পেল, অরেঞ্জ লাইনে কোনো পরিষেবা থাকবে না বলে মেট্রো রেল সূত্রের খবর।

ISF বিধায়ক নৌশাদ সিদ্দিকি আজ আলিমুদ্দিন স্ট্রিটে CPIM-এর রাজ্য দপ্তরে গিয়ে রাজ্য বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুর সঙ্গে বৈঠক করেছেন। পরে নৌশাদ বলেন, আসন্ন বিধানসভা নির্বাচনে বামদেদের সঙ্গে জোট করতে চেয়ে আগেই তিনি চিঠি পাঠিয়েছিলেন।

দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীর খড়িমাচন গ্রামে বোমা বিস্ফোরণে গুরুতর আহত শিশুকে দেখতে আজ SSKM ট্রমা সেন্টারে যান রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের চেয়ার পার্সন তুলিকা দাস।

উল্লেখ্য, গত বুধবার সন্ধ্যায় একটি নির্মীয়মান বাড়িতে বোমা বিস্ফোরণে শিশুটি গুরুতর আহত হয়। তার দুটি চোখই ক্ষতিগ্রস্ত হয়েছে বলে চিকিৎসকরা জানিয়েছেন। তবে চিকিৎসকরা তার দৃষ্টি ফিরে পাওয়ার ব্যাপারে আশাবাদী।

সারা রাজ্যে আজও শীতের প্রকোপ বজায় রয়েছে। কলকাতায় আজ এই মরশুমের সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। আলিপুরে আজ সকালে নূন্যতম তাপমাত্রা ছিল ১২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা প্রায় ১ ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২২.৯ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় আড়াই ডিগ্রি কম। দক্ষিণবঙ্গে আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে শ্রী নিকেতনে ৯ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক ডিগ্রি

কম। উত্তরবঙ্গের আলিপুর দুয়ারে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৮ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সকালে তাপমাত্রা ছিল ৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। বর্ষ শেষে ও নতুন বছরের শুরুতে তাপমাত্রা আবার কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামীকাল সকালে উত্তরবঙ্গের জেলাগুলিতে কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।
